বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা

বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	২৬.১০.২০২১
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া
উপস্থিতি	উপস্থিতি তালিকা সংযুক্ত

২৬.১০.২০২১ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সভা কোম্পানির মিটিং রুমে কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ২য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ নৈতিকতা কমিটির সদস্যগণ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০আলোচনা

১.১।কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) কোয়ার্টারে 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্‌বিষয়ে সভায় বিষদ আলোচনা হয়। উপস্থিত কমিটির সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত গৃহিত হয় যে, অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাটি নভেম্বর, ২০২১ এর শেষার্ধে আয়োজন করা যেতে পারে।

১.২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) কোয়ার্টারে ২০ জন জনবলের সমন্বয়ে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' এর লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উত্থাপন করেন। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(মানবসম্পদ), জনাব মোঃ বিল্লাল হোসেন সভাকে অবহিত করেন যে, মানবসম্পদ বিভাগ বর্ণিত প্রশিক্ষণটি ডিসেম্বর, ২০২১ এ বাস্তবায়ন করবে।

১.৩ সভায় কমিটির সদস্য-সচিব আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) কোয়ার্টারে ৬ বার (প্রতি মাসে ন্যূনতম ২ বার) করে 'কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে ঔষধ প্রয়োগ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্‌বিষয়ে কার্য বাস্তবায়নকারী কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), জনাব মোঃ ছায়েদুর রহমান-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে অবহিত করেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী ফগার মেশিনের মাধ্যমে কোম্পানির আবাসিক এলাকার মশা নিধনকল্পে ঔষধ প্রয়োগ চলমান আছে এবং ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে যথারীতি ঔষধ প্রয়োগ করা হবে।

১.৪। সভাকে এই মর্মে অবহিত করা হয় যে, চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) কোয়ার্টারে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ডেস্ক ক্যালেন্ডার তৈরী ও বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্‌বিষয়ে সভায়

বিষদ আলোচনা হয়। সভায় উপস্থিত সকলেই এ বিষেয় আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। পরিশেষে নিম্নবর্ণিত কর্মকর্তাগেণর সমন্বয়ে কমিটি গঠনের মাধ্যমে ৩১.১২.২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ডেস্ক ক্যালেন্ডার তৈরী ও বিতরণের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করার বিষয়ে সকলে অভিমত ব্যক্ত করে:

ক)	জনাব মোঃ জাকির হোসেন তরফদার উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড-দক্ষিণ) তিতাস ফিল্ড-দক্ষিণ বিভাগ	-আহবায়ক
খ)	জনাব আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক(ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিভাগ	-সদস্য
গ)	জনাব মোহাম্মদ জোয়াদ আলী ব্যবস্থাপক(প্রশাসন) প্রশাসন বিভাগ	-সদস্য
ঘ)	জনাব মোঃ রাগেব হাসনাইন উপ-ব্যবস্থাপক (জনসংযোগ) জনসংযোগ বিভাগ	-সদস্য-সচিব

১.৫। নৈতিকতা কমিটির সদস্য-সচিব সভাকে আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) কোয়ার্টারে 'কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), জনাব মোঃ আশরাফুল আলম-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্য যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করা হবে।

২.০**সিদ্ধান্ত:**

২.১। অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা নভেম্বর, ২০২১ এর শেষার্ধে আয়োজন করতে হবে।

২.২। মানবসম্পদ বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর আওতায় ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) কোয়ার্টারে ন্যুনতম ২০ জন জনবলের সমন্বয়ে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' ডিসেম্বর, ২০২১ এ আয়োজন করবে।

২.৩। সার্ভিসেস বিভাগ চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) কোয়ার্টারে ন্যুনতম ৬ বার (প্রতি মাসে ন্যূনতম ২ বার) করে কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে ঔষধ প্রয়োগ করবে।

২.৪। নিম্নবর্ণিত কর্মকর্তাগেণর সমন্বয়ে কমিটি গঠনের মাধ্যমে ৩১.১২.২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ডেস্ক ক্যালেন্ডার তৈরী ও বিতরণের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে:

ক)	জনাব মোঃ জাকির হোসেন তরফদার উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড-দক্ষিণ) তিতাস ফিল্ড-দক্ষিণ বিভাগ	-আহবায়ক
খ)	জনাব আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক(ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিভাগ	-সদস্য

গ)	জনাব মোহাম্মদ জোয়াদ আলী ব্যবস্থাপক(প্রশাসন) প্রশাসন বিভাগ	-সদস্য
ঘ)	জনাব মোঃ রাগেব হাসনাইন উপ-ব্যবস্থাপক (জনসংযোগ) জনসংযোগ বিভাগ	-সদস্য-সচিব

২.৫। কনডেনসেট প্রসেসিং বিভাগ চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) কোয়ার্টারে কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্য যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর ফয়সাল
মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২১.১০২৩

তারিখ: ১৫ কার্তিক ১৪২৮
৩১ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল
৪) উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল
৫) উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল
৬) ব্যবস্থাপক (আইডব্লিউটি),বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

মোঃ আমীর ফয়সাল
মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল